এরশাদের প্রথম জানাজা বাদ জোহর সেনানিবাসে

হুসেইন মুহম্মদ এরশাদের প্রথম নামাজে জানাজা বাদ জোহর সেনানিবাস কেন্দ্রীয় মসজিদে অনুষ্ঠিত হবে। এরপর সেখান থেকে মরদেহ সর্বসাধারণের শ্রদ্ধা জানানোর জন্য নিয়ে যাওয়া হবে কাকরাইলে জাতীয় পার্টির কেন্দ্রীয় কার্যালয়ে।

আগামীকাল সোমবার এরশাদের মরদেহ গ্রামের বাড়ি রংপুরে নেওয়া হবে। ঢাকায় সামরিক কবরস্থানে দাফনের কথা রয়েছে সাবেক এই সেনাপ্রধানের।

দলীয় সূত্রে এসব তথ্য জানা গেছে।

উল্লেখ্য, রোববার সকাল ৭টা ৪৫ মিনিটে রাজধানীর ক্যান্টনমেন্টের সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯১ বছর। প্রায় আট মাস ধরে অসুস্থ ছিলেন এরশাদ। গত ১০ দিন ধরে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) লাইফ সাপোর্টে ছিলেন এরশাদ।

এরশাদ বর্তমান সংসদে বিরোধীদলীয় নেতার দায়িত্বে ছিলেন। আওয়ামী লীগের আগের সরকারে তিনি প্রধানমন্ত্রীর বিশেষ দূতের দায়িত্ব পালন করেছিলেন।